# নির্দিষ্টকরণ আইন, ২০১১

( ২০১১ সনের ১৩ নং আইন )

**২০১২ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন**

২০১২ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও যেহেতু ২০১২ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**২০১১-২০১২ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ২৩২৪৬৪,০৮,৫৯,০০০ (দুই লক্ষ বত্রিশ হাজার চারশত চৌষট্টি কোটি আট লক্ষ ঊনষাট হাজার) টাকা প্রদান**

২। ২০১২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ২৩২৪৬৪,০৮,৫৯,০০০ (দুই লক্ষ বত্রিশ হাজার চারশত চৌষট্টি কোটি আট লক্ষ ঊনষাট হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১২ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের